দৈনিক বাংলা

তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 28 JUL 1989
পৃষ্ঠা 5 কলাম 1

20

057

দৈনিক বাংলা

ঢাকা ঃ শুক্রবার, ১৩ই শ্রাবণ, ১৩৯৬ঃ ২৮শে জুলাই, ১৯৮৯

পাঠশালার হাল

এসএসসি পরীক্ষার ফল বেরিয়েছে। এখন দিন কয়েক অন্ততঃ লেখাপড়ার মান সংক্রান্ত প্রশ্নাবলী আমাদের তাড়া করবে। গভীর পরিতাপের দীর্ঘ নিঃশ্বাস ছেড়ে আমরা আমাদের হতাশা ব্যক্ত করবো। এর বেশি প্রতিক্রিয়া কোথাও ঘটবে কি? যদি ঘটতো, অবশ্যই আমরা প্রাথমিক শিক্ষা পরিস্থিতির দিকে নজর ফেরাতাম। বুনিয়াদ নড়বড়ে রেখে যেমন আকাশ ছোঁয়া ইমারত গড়া চলে না, তেমনি প্রাথমিক শিক্ষাকে অবহেলিত রেখে উচ্চতর শিক্ষায় সন্তোষজনক অগ্রগতি আশা করা চলে না।

পত্রিকান্তরে প্রকাশিত দুটি খবরে মফঃস্বলে প্রাথমিক শিক্ষা পরিস্থিতির একটি প্রতীকী ছবি পরিস্ফুট হয়ে উঠেছে। ফরিদপুরের খবরে বলা হয়েছে, জেলার চল্লিশ শতাংশ প্রাথমিক বিদ্যালয়ে ছাদ-বেড়া নেই। স্বভাবতই লেখাপড়া শিকেয় উঠেছে। শিক্ষার্থীর সংখ্যা দ্রুত কমছে। যশোরের এক খবরে দেখা যাচ্ছে জেলার চল্লিশটি ক্ষতিগ্রস্ত বিদ্যালয়ে সরকারী বরাদ্দের টিন পৌঁছেনি। আদতে বরাদ্দের খবর বিদ্যালয়গুলোকে সময়মত না জানানোয় ওদের পক্ষে টিন সংগ্রহ করা সম্ভব হয়নি।

দুটি খবরে পরিস্থিতির যে ছবি পাওয়া যায় তা কার্যত গোটা দেশের জন্যেই প্রতিনিধিত্বমূলক। এ থেকে একই সঙ্গে এই করুণ অবস্থার কারণ সম্পর্কেও একটা ধারণা পাওয়া যায়। মফঃস্বলের প্রাথমিক বিদ্যালয়গুলোর বাস্তব অবস্থা শিক্ষার বিকাশের অনুকূল নয়। ছাদ-বেড়াই যেখানে নেই সেখানে নিয়মিত অধ্যয়ন আশা করা যায় না। সম্পদের দুষ্প্রাপ্যতার সঙ্গে ঝড়-বন্যার সংযোগ এই অবস্থাকে চরমে নিয়ে গেছে! তবে সরকার এ অবস্থা সম্পর্কে উদাস নন। সাধ্যমত সাহায্য দিতে আগ্রহী। আগ্রহী বলেই টিন প্রভৃতি নির্মাণ সামগ্রী বরাদ্দ করা হয়। এই বরাদ্দ কাজে না লাগার পেছনে আছে কারও কারও গাফিলতি।

বস্তুত, প্রাথমিক শিক্ষাকে সুষ্ঠুতর রূপ দেয়ার ব্যাপক কর্মসূচী সরকার গ্রহণ করেছেন। এই কর্মসূচীকে পরিপূর্ণ রূপে বাস্তবায়িত করতে হলে প্রতিটি দায়িত্বশীল ব্যক্তির সঙ্গে সঙ্গে প্রত্যেক সচেতন নাগরিককেই দায়িত্বশীল ভূমিকা নিতে হবে। বিদ্যালয় ভবনের দুর্গতি মোচন প্রাথমিক করণীয়। এ লক্ষ্য অর্জনের পথে অন্তরায় হয়ে দাঁড়ানো গাফিলতি ক্ষমার অযোগ্য। এ প্রত্যয় নিয়ে কাজে না নামলে ভবিষ্যৎ আমাদের ক্ষমা করবে না। পরিপূর্ণ শিক্ষার স্বার্থে তার বুনিয়াদের সকল দুর্বলতা দূর করতেই হবে।